



চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান, চট্টগ্রাম।
web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctgpbs2@yahoo.com
Phone: 03026-56077



স্মারক নং-২৭.১২.১৫৭৪.৫২৯.০০২.০০৮.২৪. ৭১৮

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি'২০২৪ খ্রিস্টাব্দ

রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তিঃ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাধীন সদর দপ্তর, রাঙ্গুনিয়া ও নোয়াপাড়া জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাভুক্ত উপজেলা/এলাকায় ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।
- ০৪। রিটেইনার ডাক্তার পদে ০৩(তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ সংক্রান্ত চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। সপ্তাহে ০২(দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থেকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের সদস্যগণ যে কোন সময় চিকিৎসার জন্য শরনাপন্ন হলে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। এ জন্য কোন পৃথক ডিজিট বা ফি দেয়া হবে না।
- ১০। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে।
- ১১। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ
উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও এমবিবিএস উত্তীর্ণের সনদপত্র এবং বিএমডিসি কর্তৃক প্রদানকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (ঘ) অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, (ঙ) সাম্প্রতিক কালের তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ / পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র প্রদানসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ১২। আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্র আগামী ২৯-০২-২০২৪ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাউজান, চট্টগ্রাম এর বরাবরে সরাসরি / ডাকযোগে/ কুরিয়ার যোগে প্রেরণ করতে হবে।
- ১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

12/02/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ০৩। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার-----পবিস ১/২/৩/৪
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, রাউজান / রাংগুনিয়া / ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।
- ০৬। উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাউজান / রাংগুনিয়া / ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।
- ০৭। ডিজিএম, রাঙ্গুনিয়া / নোয়াপাড়া / ফটিকছড়ি / আজাদীবাজার জোনাল অফিস।
- ০৮। এজিএম, দাঁতমারা/খামাইরহাট/নাজিরহাট সাব জোনাল / অর্থ (হিসাব), চট্টগ্রাম পবিস-২।
- ০৯। এজিএম (আইটি-২), চট্টগ্রাম পবিস-২ (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১০। অফিস নথি।

12/02/2024
(মোহাম্মদ সরওয়ার জাহান)
জেনারেল ম্যানেজার